দৈনিক সংবাদ

৭\১০\২০০৩

তারিখ ............
পৃষ্ঠা ........ কলাম ........

# বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধ ঘোষণা

**বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ রফিকুর রহমানের ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে।

শনিবার দুপুরে ভারপ্রাপ্ত উপাধ্যক্ষ এ.কে.এম বজলুর করিম বাহারের সভাপতিত্বে ইনস্টিটিউটের সেমিনার কক্ষে শিক্ষক-কর্মচারীদের যৌথ প্রতিবাদ সভায় হামলার ঘটনায় জড়িত সন্ত্রাসী বিপ্লবকে ২৪ ঘণ্টার মধ্যে গ্রেফতারের দাবি জানানো হয়।

সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, সন্ত্রাসী বিপ্লবকে গ্রেফতার না করা পর্যন্ত অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে। ফলে রোববার থেকে অনুষ্ঠিতব্য অভ্যন্তরীণ সকল পরীক্ষা গ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। কলেজের একটি সূত্র জানায়, উল্লিখিত সময়ে বিপ্লবকে গ্রেফতার করা হলে কর্মসূচিগুলো প্রত্যাহার করে নেয়া হবে।

গত শুক্রবার জুমার নামাজশেষে ইনস্টিটিউটের ক্যাম্পাসে ফিরে আসার সময় বিপ্লব অধ্যক্ষ রফিকুর রহমানের ওপর হামলা এবং তাকে মারপিট করে। অবৈধ পন্থায় ছাত্রছাত্রী ভর্তি এবং হোস্টেলে খাদ্য সরবরাহে অনিয়মসহ নানা ধরনের অবৈধ কার্যকলাপে বাধা দেয়ায় বেশ কিছুদিন আগে থেকেই সে অধ্যক্ষের ওপর ক্ষিপ্ত হয়ে ওঠে। এ ব্যাপারে সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

অন্যদিকে অধ্যক্ষের ওপর হামলার প্রতিবাদে শিক্ষক-কর্মচারীরা শনিবার দুপুরে ক্যাম্পাসে যৌথ মৌন এবং ছাত্রছাত্রীদের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। এর আগে শিক্ষক-কর্মচারীদের যৌথ প্রতিবাদ সভায় ওই ঘটনার প্রতিবাদে কালো ব্যাজ ধারণ, রোববার ডিসি ও এসপির কাছে স্মারকলিপি প্রদান এবং সোমবার স্থানীয় প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন আহবান করা হয়।